

॥ শ্রীশ্রী দুর্গাশরণম্ ॥

দিল্লী দুর্গাপূজা চ্যারিটেবল এ্যান্ড কালচ্যারাল সমিতি
(দিল্লী দুর্গাপূজা সমিতি)
প্রতিষ্ঠিত ১৯১০



সবিনয় নিবেদন,

আগামী ১০ই আশ্বিন, ১৪৩২ (ইং ২৭শে সেপ্টেম্বর, ২০২৫) শনিবার হইতে ১৫ই আশ্বিন, ১৪৩২ (ইং ২রা অক্টোবর, ২০২৫) বৃহস্পতিবার পর্য্যন্ত দিল্লী দুর্গাপূজা চ্যারিটেবল এ্যান্ড কালচ্যারাল সমিতির উদ্যোগে বেঙ্গলী সিনিয়র সেকেন্ডারী স্কুল, আলিপুর রোড প্রাঙ্গণে শ্রীশ্রী শারদীয়া পূজার ১১৬তম অনুষ্ঠান উদ্‌যাপিত হইবে।

এই অনুষ্ঠানে আপনার সপরিবার, সবার্হব উপস্থিতি ও যোগদান সকলকে উদ্দীপ্ত ও শারদীয়া উৎসবকে সাফল্যমন্ডিত করিবে। বিনীত —

সৌরভ ব্যানার্জী
পৃষ্ঠপোষক

বাণী সেন
সভাপতি

১লা জুলাই, ২০২৫

৩১৬ মেন বাজার, সজী মণ্ডী, দিল্লি - ১১০০০৭

ফোন : ৯৮১০৩৬২১৫৯, ৯৮৭৩৬০৩৭৪৯, ৯৮১০৩০৩৬৭

শ্রীশ্রী শারদীয়া দুর্গাপূজার সময় নির্ঘন্ট

বাংলা ১৪৩২ (ইং ২০২৫ সাল) (গুপ্তপ্রেস পঞ্জিকা মতে)

দেবীর গজে আগমন। ফল - শস্যপূর্ণা বসুন্ধরা।

১০ই আশ্বিন, ১৪৩২ (ইং ২৭শে সেপ্টেম্বর, ২০২৫) শনিবার পঞ্চমী।

দিবা ৮/৪৯ মিঃ পর্য্যন্ত। সায়ংকালে শ্রীশ্রী শারদীয়া দুর্গাদেবীর বোধন।

১১ই আশ্বিন, ১৪৩২ (ইং ২৮শে সেপ্টেম্বর, ২০২৫) রবিবার শ্রীশ্রী দুর্গাষষ্ঠী।

ষষ্ঠী দিবা ১০/৪৩ মিঃ পর্য্যন্ত। পূর্বাহ্ন মধ্যে শ্রীশ্রী শারদীয়া দুর্গাদেবীর ষষ্ঠাদিকল্পারস্ত ও ষষ্ঠী বিহিত পূজা প্রশস্ত। সায়ংকালে দেবীর আমন্ত্রণ ও অধিবাস।

১২ই আশ্বিন, ১৪৩২ (ইং ২৯শে সেপ্টেম্বর, ২০২৫) সোমবার শ্রীশ্রী দুর্গাসপ্তমী।

সপ্তমী দিবা ১২/২৮ মিঃ পর্য্যন্ত। পূর্বাহ্ন মধ্যে শ্রীশ্রী শারদীয়া দুর্গাদেবীর নবপত্রিকা প্রবেশ, স্থাপন, সপ্তম্যাদি কল্পারস্ত ও সপ্তমী বিহিত পূজা প্রশস্ত।

১৩ই আশ্বিন, ১৪৩২ (ইং ৩০শে সেপ্টেম্বর, ২০২৫) মঙ্গলবার শ্রীশ্রী দুর্গামহাষ্টমী।

মহাষ্টমী দিবা ১/৪৫ মিঃ পর্য্যন্ত। পূর্বাহ্ন মধ্যে শ্রীশ্রী শারদীয়া দুর্গাদেবীর মহাষ্টমী বিহিত পূজা প্রশস্ত।

দিবা ১/২১ মিঃ গতে সন্ধিপূজারস্ত।

দিবা ২/০৯ মিঃ মধ্যে সন্ধিপূজা সমাপন।

১৪ই আশ্বিন, ১৪৩২ (ইং ১লা অক্টোবর, ২০২৫) বুধবার শ্রীশ্রী দুর্গামহানবমী।

মহানবমী দিবা ২/৩৬ মিঃ পর্য্যন্ত। পূর্বাহ্ন মধ্যে শ্রীশ্রী শারদীয়া দুর্গাদেবীর মহানবমী বিহিত পূজা প্রশস্ত।

১৫ই আশ্বিন, ১৪৩২ (ইং ২রা অক্টোবর, ২০২৫) বৃহস্পতিবার শ্রীশ্রী বিজয়া দশমী।

দশমী দিবা ২/৫৬ মিঃ পর্য্যন্ত, ১০/১৪ মিঃ মধ্যে শ্রীশ্রী শারদীয়া দুর্গাদেবীর দশমী বিহিত পূজা, সমাপনান্তে বিসর্জন ও পরে অপরাজিতা পূজা।

দেবীর দোলায় গমন। ফল - মড়ক

বিশেষ দ্রষ্টব্য

পুষ্পাঞ্জলি	সপ্তমী - ১২ই আশ্বিন (২৯শে সেপ্টেম্বর) সোমবার দিবা ১০/৩০ মিঃ অষ্টমী - ১৩ই আশ্বিন (৩০শে সেপ্টেম্বর) মঙ্গলবার দিবা ৯/৩০ মিঃ সন্ধিপূজার অঞ্জলি - দিবা ২/০০ মিঃ
প্রসাদ	নবমী - ১৪ই আশ্বিন (১লা অক্টোবর) বুধবার দিবা ১০/৩০ মিঃ প্রতিদিন - দিবা ১১ টা
ভোগ	সপ্তমী, অষ্টমী, নবমী - দুপুর ১/৩০ মিঃ থেকে
সন্ধ্যা আরতি	প্রতিদিন - সন্ধ্যা ৭ টা